বাগেরহাটে মহিলা কৃষি প্রশিক্ষণ ইনিস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

বাগেরহাটে মহিলা কৃষি ইনিস্টিটিউটের ২৮তম ব্যাচের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়েছে। শনিবার দুপুরে মোরেলগঞ্জ উপজেলার তুলাতলায় অবস্থিত খুলনা বিভাগীয় এই প্রশিক্ষণ কেন্দ্রের হলরুমে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন, বাগেরহাট-৪ আসনের সংসদ সদস্য আলহাজ¦ ডা: মোজাম্মেল হোসেন।
প্রশিক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মনিরুন্নাহারের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, গাজিপুর শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রশিক্ষণ একাডেমির ভারপ্রাপ্ত কর্মকর্তা ড. মোকলেছুর রহমান, সমাজ সেবক মহিদুল ইসলাম আঙ্গুর, কম্পিউটার প্রশিক্ষক বাসার তালুকদার, ড্রেস মেকিং এ্যান্ড টেইলারিং প্রশিক্ষক মনিরা খাতুন, কচুয়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রশিক্ষক জান্নাতুল ফেরদাউস পুতুল প্রমুখ।

বক্তারা বলেন, নারীরা প্রশিক্ষন নিয়ে স্বাবলম্বি হলে একটি যেমন তাদের সংসােও সচ্ছলতা আসবে অপরদিকে দেশের অর্থনীতিতে তারা ভূমিকা রাখবে।
২৮তম ব্যাচে তিনটি ট্রেডে বিভিন্ন জেলার ১শ জন প্রশিক্ষণার্থী অংশ নিচ্ছে।